# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৮]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

□□□- وَحَدَّث عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ صَلَّى فِي طَرَفِ تَلْعَةٍ مِنْ وَرَاءِ الْعَرْجِ، وَأَنْتَ ذَاهِبٌ إِلَى هَضْبَةٍ، عِنْدَ ذَلِكَ الْمَسْجِدِ قَبْرَانِ أَوْ ثَلاثَةٌ، عَلَى الْقُبُورِ رَضَمٌ مِنْ حِجَارَةٍ عَنْ يَمِينِ الطَّرِيقِ، عِنْدَ سَلَمَاتِ الطَّرِيقِ، بَيْنَ أُولَئِكَ السَّلَمَاتِ كَانَ عَبْدُاللَّهِ يَرُوحُ مِنَ الْعَرْجِ، بَعْدَ أَنْ تَمِيلَ الشَّمْسُ بِالْهَاجِرَةِ، فَيُصَلِّي الظُّهْرَ فِي ذَلِكَ الْمَسْجِدِ. (بخارى:□□□)

বাংলা

৩০৩) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐ টিলার নিকটস্থ স্থানে (মসজিদে) নামায পড়েছেন, যার পাশেই রয়েছে পানির ঝর্ণা। আর এই স্থানটি তোমার হাযবা যাওয়ার পথে ‘আরজ’ নামক স্থানের পেছনে পড়বে। ঐ মসজিদের পাশে দু’টি বা তিনটি কবর রয়েছে। কবরগুলোর উপরে রয়েছে বড় বড় পাথর। আর তা রাস্তার ডান পার্শ্বে বৃক্ষসমূহের নিকটে অবস্থিত। দুপুরের পর সূর্য ঢলে পড়লে আব্দুল্লাহ ইবনে উমার ‘আরজ’ থেকে যাওয়ার পথে উক্ত গাছগুলোর মধ্য দিয়ে যেতেন এবং ঐখানে অবস্থিত মসজিদে যোহরের নামায আদায় করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89601

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন